সংসার উত্তীর্ণ হইতে মহান্ কৃচ্ছ্র অর্থাৎ ক্লেশ পাইতে হয়। তাহারা দুঃখে ইন্দ্রিয়-ষড়্বর্গ কুম্ভীরযুক্ত এই ভবার্ণব তরিতে ইচ্ছা করিতেছেন। অতএব শ্রীভগবানকে তরণসাধন তরণী করিয়া দুস্তর ভবার্ণব উত্তীর্ণ হও। এই পর্যন্ত টীকার ব্যাখ্যা। কোনও স্থানে যাইতে হইলে কোনও বুদ্ধিমান লোকের নিকট পথের প্রশ্ন করিলে তিনি বলিলেন—"তোমার গন্তব্যস্থানে যাইতে দুইটী পথই আছে; তন্মধ্যে একটি পথে যাইতে সময়ও বেশী লাগিবে এবং কষ্টও বেশী হইবে। অন্য পথটী খুবই গোপনীয়। সে পথটী অনেকে জানেনা বলিয়াই এই দুর্গমপথে যাইতে প্রবৃত্ত হয়। সেই পথটী অতি সুগম ও অতি সত্বরেই লক্ষ্য স্থানে পৌঁছিতে পারা যায়।" যদি কেহ এই উপদেশ করেন, তাহা হইলে সেই সুখময় পথে যাওয়াই যেমন উপদেষ্টার উপদেশের তাৎপর্য্য, তেমনি মোক্ষরাজ্যে প্রবেশ করিবার দুইটি পন্থা—একটি জ্ঞান ও অপরটি ভক্তি। তন্মধ্যে জ্ঞান-পথে যাঁহারা যাইতে ইচ্ছা করেন, তাহাদের অনেক কষ্ট পাইতে হয় এবং দীর্ঘকাল পরে স্বরূপানুভবানন্দ উপলব্ধি করিতে সমর্থ হয়েন। এই অভিপ্রায়ে শ্রীভগবদ্গীতাও বলেন—"ক্লেশোঽধিকতর স্তেষামব্যক্তাসক্তচেতসাং।" আর দ্বিতীয় ভক্তিপথটি গুহ্যবিদ্যা নামে খ্যাত। এই অভিপ্রায়ে শ্রীভগবদ্গীতাও "সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ" বলিয়া উল্লেখ করিয়াছেন। ভক্তি-রসিক ভক্তের সঙ্গ বিনা এই ভক্তিপথের সংবাদ পাওয়া যায় না, এবং সংবাদ পাইলেও তাহাতে বিশ্বাস জন্মে না। এই পথে যাঁহারা যান, তাঁহারা কোনও দুঃখ পান না; বরঞ্চ পরমসুখে ও অতি সত্বরেই শ্রীভগবানের চরণসান্নিধ্যে উপস্থিত হইতে পারেন। জ্ঞান ও ভক্তির দুইয়ের প্রাপ্য এক হইলেও জ্ঞানপথের দুর্গমত্ব উল্লেখ করাতে দ্বিতীয় ভক্তিপথের অভিধেয়ত্ব অর্থাৎ কর্ত্তব্যত্ব স্বতঃই সিদ্ধ হইয়াছে। এই "তিতীর্ষন্তি"—এইরূপ উল্লেখ থাকাতে তরিবার জন্য ইচ্ছামাত্র করিয়া থাকেন, কিন্তু "তরেন না" অর্থটিও ধ্বনিতে বুঝিতে হইবে। ৪।২২।৩৯—৩৯—৪০। শ্রীসনৎকুমার পৃথুমহারাজকে বলিয়াছিলেন ॥ ৪৮ ॥

অতোযচ্চ জ্ঞানমুপদিষ্টম্ তদপি তদুপদেশাব্যর্থতাসম্পাদনেচ্ছামাত্রেণানুষ্ঠীয়মানন্তেন ভক্তিসাদেব কৃতমিত্যাহ—সনৎকুমারোভগবান্ যদাহাধ্যাত্মিকং পরম্। যোগং তেনৈব পুরুষমযজৎ পুরুষর্ষভঃ। ভগবদ্ধর্ম্মিণঃ সাধোঃ শ্রদ্ধয়া যততস্তদা। ভক্তির্ভগবতি ব্রহ্মণ্যনন্যবিষয়াভবৎ ॥ ৪৯ ॥

অতঃপর ভগবান্ সনৎকুমার যে জ্ঞানোপদেশ করিয়াছিলেন, সেই জ্ঞানটিও তাহার উপদেশের সত্যতা সম্পাদনের ইচ্ছামাত্রে অনুষ্ঠিত হইলেও শ্রীপৃথুমহারাজ সেই জ্ঞানোপদেশটি ভক্তিময় করিয়াই সাধন করিয়াছিলেন।